

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২৩ এএম

শিক্ষাঙ্গন

## এইচএসসি রেজাল্ট ২০২৫: ভিকারুননিসায় ৮০ জন ফেল, জিপিএ-৫ এ ধস



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১২:১৭ পিএম



ছবি: সংগৃহীত

রাজধানীর ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজে এ বছর এইচএসসি পরীক্ষায় পাশের হার ৯৭ দশমিক ৫৬ শতাংশ। এই কলেজ থেকে পরীক্ষায় অংশ নেন ২৫১৪ জন, পাশ করেছেন ২৪৩৪ জন পরীক্ষার্থী। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ৯৮৬ জন। ফেল করেছেন ৮০ জন। গত বছর এই প্রতিষ্ঠান থেকে জিপিএ-৫ পান ১৭৩৭ জন।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় সব শিক্ষা বোর্ড থেকে একযোগে এ ফল প্রকাশ করা হয়। পরীক্ষার্থীরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান, বোর্ডের ওয়েবসাইট ও এসএমএসের মাধ্যমে ফল জানতে পারছেন।

### কারিগরিতে পাশের হার ৬২.৬৭ শতাংশ

এর আগে, গত বছর ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজে এইচএসসি পরীক্ষার্থী ছিলেন ২ হাজার ৫৬৯ জন। এর মধ্যে পাশ করেন ২ হাজার ৫৩৫ জন। পাশের হার ছিল ৯৯ দশমিক শূন্য ৬ শতাংশ।

### জানা গেল সেই আনিসার ফল

এ বছর দেশের ৯টি সাধারণ, কারিগরি ও মাদ্রাসা বোর্ডসহ মোট ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৫৮ দশমিক ৮৩ শতাংশ। গত বছর (২০২৪) পাসের হার ছিল ৭৭ দশমিক ৭৮ শতাংশ। সে হিসাবে এবার পাসের হার কমেছে ১৮ দশমিক ৯৫ শতাংশ।

### SMS এর মাধ্যমে HSC Result 2025 জানার উপায়

এবার সারা দেশে জিপিএ-৫ পেয়েছেন ৬৯ হাজার ৯৭ জন। গত বছর অর্থাৎ ২০২৪ সালে জিপিএ-৫ পেয়েছিলেন এক লাখ ৪৫ হাজার ৯১১ জন।